শেখ হাসিনার উদ্যোগ

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

পোলঘাট, বাগেরহাট।

ফোন : ০৪৬৮-৬৩৩৮৮ (অফিস/বাসা)
মোবাইল : ০১৭৬৯-৪০০০১১
E-mail : bagerhatpbs@yahoo.com
Website: www.pbs.bagerhat.gov.bd

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০০৮.২১. 6828 তারিখ:- ২৮ শ্রাবণ, ১৪২৮ বাংলা / ১২ আগস্ট, ২০২১ খৃষ্টাব্দ

**বিষয়:-আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি ঃ**

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারী পদে কর্মরত প্রার্থীদের নিকট হইতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্ব-হস্তে প্রয়োজনীয় দরখাস্ত আহবান করা যাইতেছে।

| ক্রঃনং | পদের নাম | পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার | ০১ টি | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হইবে। | ক) প্রার্থীকে নুন্যতম ০৭ (সাত) বৎসর বিলিং সহকারী (নিয়মিত) হিসাবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) পবিস নিদের্শিকা ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।<br>গ) পবিস নিদের্শিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষনের উর্ত্তীন হতে হবে।<br>ঘ) সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং নূন্যতম ৩.৫০ থাকতে হবে<br>ঙ) কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। |

**আবেদন করার পদ্ধতিঃ-**

উল্লেখিত পদে পদোন্নতির যোগ্যতা সম্পন্ন আগ্রহী প্রার্থীদের স্ব-হস্তে পূর্ণ জীবন বৃত্তান্ত সহ সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের প্রতিবেদনের ফটোকপি এবং সংশোধিত পবিস নির্দেশিকা/সার্কুলার মোতাবেক বাপবিবো কর্তৃক আয়োজিত প্রশিক্ষণের ফলাফলের ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ,ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি,জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি এবং বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়ন পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদ পত্র, বিগত সর্বশেষ ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) শাস্তি যদি না থাকে তাহলে সুস্পষ্টভাবে তা উল্লেখ পূর্বক এবং তার বিরুদ্ধে কোন বিভাগীয় তদন্ত প্রক্রিয়াধীন নাই এবং ফৌজদারী মামলা চলমান নাই এই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র সহ আগামী ২৬-০৮-২০২১ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় বাগেরহাট পবিস-এর সদর দপ্তর, পোলঘাট,বাগেরহাট-এ স্ব- শরীরে উপস্থিত হইতে হইবে।

**শর্তাবলীঃ-**

১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নহে।তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার ( বাগেরহাট জেলার সদর, চিতলমারী, মোল্লাহাট,কচুয়া,রামপাল,ফকিরহাট ও মংলা উপজেলা এবং খুলনা জেলার রূপসা উপজেলার ঘাটভোগ, নৈহাটী,টিএস বাহিরদিয়া,শ্রীফলতলা ও আইজগাতী ইউনিয়ন এবং তেরখাদা উপজেলার ছাগলাদহ এবং সাচিয়াদহ ইউনিয়ন)স্থায়ী বাসিন্দাদের আবেদন করা প্রয়োজন নাই।

২॥ বিলিং সুপারভাইজার পদের জন্য বিলিং সহকারী পদে ০৭ (সাত) বছর অভিজ্ঞতার স্বপক্ষে যোগদান ও নিয়মিতকরনের ফটোকপি সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী নির্ধারিত প্রশিক্ষণ কোর্সের ফলাফলের ফটোকপি এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়নপূর্বক আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৩॥ উচ্চতর পদে পদোন্নতির জন্য স্বাক্ষাৎকার গ্রহনের ক্ষেত্রে নিম্নবর্নিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না ।

(ক) সর্বশেষ ০৩(তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন (খ) সর্বশেষ ০১(এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (গ) বিগত ০৫(পাঁচ) বছরের ভিতর একাধিক বার গুরু দন্ড প্রাপ্ত হয়েছেন, (ঘ) বিগত ০৪(চার) বছরের ভিতর ০১ বার গুরুদন্ড এবং ০১ বার লগুদন্ড প্রাপ্ত হয়েছেন, (ঙ) বিগত ০৩(তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন, (চ) পদোন্নতির জন্য ০৩ বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন, (ছ) বর্তমান বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময় কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না (জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে, তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০৪॥ পদোন্নতি প্রদানের ক্ষেত্রে " পবিস চাকুরি বিধি (সংশোধিত-২০১২)" এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

০৫॥ অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী / বোর্ড পরিচালক/ মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৬॥ বিলিং সুপারভাইজার পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১(এক) বৎসরের জন্য " চলতি দায়িত্ব" হিসেবে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্বে থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে ফেরৎ যেতে হবে।

০৭॥ তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যাতিরেকে চাকুরীচ্যুত করা হবে।

০৮॥ নির্বাচনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রার্থীকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯॥ কোন কারন দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১০॥ শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ** (সদয় অবগতি ও বহুল প্রচারের উদ্দেশ্যে বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল)।

০১। পরিচালক,পবিস মানব সম্পদ পরিদপ্তর,বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার--------------------- পবিস -১/২/৩।
০৪। ডিজিএম,ফকিরহাট/রামপাল জোনাল অফিস, বাপবিস।
০৫। এজিএম(ওএন্ডএম)মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/রূপসা সাব জোনাল অফিস,বাপবিস।
০৬। এজিএম(অর্থ/ওএন্ডএম/সংসেবা),বাগেরহাট পবিস।
০৭। নোটিশ বোর্ড।
০৮। ওয়েব সাইডে প্রেরণ।
০৯। অফিস কপি/ মাস্টার কপি ।

(মোঃ জাকির হোসেন)
জেনারেল ম্যানেজার